

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।
(আইসিটি শাখা)

জেলা ইনোভেশন টিমের সেপ্টেম্বর-২০১৮ এর মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ নুরুজ্জামান, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
ও ইনোভেশন অফিসার, জেলা ইনোভেশন টিম, সুনামগঞ্জ।
সভার স্থান : অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এর অফিস কক্ষ, সুনামগঞ্জ।
সভার তারিখ : ৩০ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিঃ।
সভার সময় : সকাল ১০:০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি ইনোভেশন কার্যক্রম জোরদার করার লক্ষ্যে ইনোভেশন কমিটির সদস্যদের কার্যকর ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে নতুন নতুন উদ্ভাবনী আইডিয়া প্রদানের আহবান জানান। সভায় সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক জনাব মোঃ ইব্রাহিম আল মামুন মোল্লা ও যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক জনাব মোঃ হাব্বুন অর রশীদ তাদের স্ব-স্ব দপ্তরের উদ্ভাবনী আইডিয়াগুলো তুলে ধরেন। অতঃপর জেলা ও উপজেলায় চলমান উদ্ভাবনী আইডিয়ার উপর বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য ইনোভেশন টিমের সদস্য ও সহকারী কমিশনার (আইসিটি)-কে অনুরোধ জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি) জেলা প্রশাসন, সুনামগঞ্জ কর্তৃক বাস্তবায়নাধীন ইনোভেশন কার্যক্রম এর উপর বিস্তারিত প্রতিবেদন তুলে ধরেন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের অংশগ্রহণে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তগুলো গৃহীত হয়:

নং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.	মাল্টিমিডিয়া ক্লাসরুম : সভায় অনলাইন মাল্টিমিডিয়া ক্লাসরুম ড্যাসবোর্ড মনিটরিং বিষয়ে আলোচনা করা হয়। মাল্টিমিডিয়া ক্লাসরুমসমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে নিয়মিত অনলাইন রিপোর্ট আপলোড নিশ্চিত করণের বিষয়ে আলোচনা করা হয়।	যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম রয়েছে সে সকল প্রতিষ্ঠান প্রধানদের মাল্টিমিডিয়া ক্লাসরুমের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার, জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে মাল্টিমিডিয়া ক্লাসরুম সমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরিদর্শন করে তার প্রতিবেদন প্রেরণ করার অনুরোধ করা হয়।	সহকারী কমিশনার (আইসিটি), সুনামগঞ্জ জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ
২.	২০১৮-১৯ অর্থ বছরের জন্য প্রণীত উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন : সভায় ২০১৮-১৯ অর্থ বছরের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।	সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে নাগরিক সেবা সহজে ও দ্রুত প্রদানের লক্ষ্যে ২০১৮-১৯ অর্থ বছরের জন্য প্রণীত উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানানো হয়। প্রতি মাসের ইনোভেশন টিমের সভায় জেলা ও উপজেলা পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের রিপোর্ট উপস্থাপন করার জন্য সহকারী কমিশনার (আইসিটি)-কে অনুরোধ জানানো হয়।	ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ
৩.	ই-ফাইল (নথি) : জেলা ও উপজেলা পর্যায়ের যে সকল দপ্তর ই-ফাইল (নথি) এর প্রশিক্ষণ গ্রহণ করেছে সে সকল দপ্তরের ই-নথি কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হয়।	জেলা ও উপজেলার যে সকল দপ্তর ই-ফাইল (নথি) এর প্রশিক্ষণ গ্রহণ করেছে সে সকল দপ্তরকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ই-ফাইল (নথি) এর মাধ্যমে যাবতীয় নথির কাজ সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। তাছাড়া এটুআই এর নির্দেশনার আলোকে ব্যাচভিত্তিক ই-নথির উপর প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার (আইসিটি), সুনামগঞ্জ সহকারী প্রোগ্রামার জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
৪.	ইউডিসি সংক্রান্ত : সভায় জেলার ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	ডিজিটাল সেন্টারের কার্যক্রম একসেবা সিস্টেমে একীভূত করা হচ্ছে বিধায় ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের আয়, সেবাসমূহ আপলোড করা যাচ্ছে না বিধায় উদ্যোক্তাদের কার্যক্রম মনিটরিং করা সম্ভব হচ্ছে না। একসেবা সিস্টেমে রেজিস্ট্রেশনের লক্ষ্যে জেলার সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কর্মরত	উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ সহকারী কমিশনার (আইসিটি) সহকারী প্রোগ্রামার জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ

৫.	কর্মশালা আয়োজন : সভায় জেলা ও উপজেলা পর্যায়ে ইনোভেটিভ কাজের সাথে সম্পৃক্ত কর্মকর্তাদের মধ্যে হতে মেন্টরিং কর্মকর্তা নির্বাচনের লক্ষ্যে বিস্তারিত আলোচনা করা হয়।	সভায় আগামী সভার পূর্বে জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরের মধ্যে যে সকল দপ্তরের উদ্ভাবনী আইডিয়া রয়েছে সে সকল দপ্তর হতে মেন্টরিং কর্মকর্তা নির্বাচন ও বিভিন্ন দপ্তরের উদ্ভাবন সম্পর্কে ০১ দিনের কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার (আইসিটি), সুনামগঞ্জ সহকারী প্রোগ্রামার জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
৬.	নিউজলেটার প্রকাশ : সভায় জেলার উদ্ভাবনী উদ্যোগ, আইসিটি উদ্যোগ ও জেলা-ব্র্যান্ডিং কার্যক্রম নিয়ে নিউজলেটার প্রকাশের বিষয়ে আলোচনা করা হয়।	জেলার উদ্ভাবনী উদ্যোগ, আইসিটি উদ্যোগ ও জেলা-ব্র্যান্ডিং কার্যক্রম ইত্যাদি বিষয় নিয়ে নিউজলেটার প্রকাশের লক্ষ্যে তথ্যাদি, লেখা ও ছবি সংগ্রহপূর্বক আগামী সভাতে উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার (আইসিটি) সহকারী প্রোগ্রামার জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ নুরুজ্জামান)

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

ও

ইনোভেশন অফিসার

জেলা ইনোভেশন টিম

সুনামগঞ্জ।

☎ ০৮৭১-৬১৬০৯

adcictsunamganj@yahoo.com

স্মারক নং-০৫.৪৬.৯০০০.০৩১.০১.০১৮.২০১৭/ ১৭৫ (২৫)

তারিখ: ০১ অক্টোবর, ২০১৮।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৩। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই), ঢাকা।

৪। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে।

৫।....., সুনামগঞ্জ।

৬। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), সুনামগঞ্জ।

৭। জনাব.....সুনামগঞ্জ।



(গোজালা পারভীন রুহি)

সহকারী কমিশনার (আইসিটি)

সুনামগঞ্জ।

☎ ০৮৭১-৬২৬৪৭

adcictsunamganj@yahoo.com